**2019**

BENGALI

( Major )

Paper : 5.1

*Full Marks* : 60

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×৭=৭

(ক) রমেশের বিশ্বস্ত ভৃত্যের নাম কী?

(খ) "চোর-ডাকাত বংশের ছেলে হঠাৎ কবি হইয়া গেল।" এখানে কবি কে?

(গ) নিতাইয়ের মামার নাম কী?

(ঘ) "কই হে ওস্তাদ না কোস্তাদ! চা দাও ভাই।" উক্তিটি কার?

(ঙ) ঘোষাল বাড়ির গিন্নিমা কে?

(চ) স্টেশনে চায়ের স্টলের ভেন্ডারের নাম কী?

(ছ) "ইহার পূর্বধারে সরকারী প্রকাণ্ড বাঁধ, পশ্চিম ও উত্তর ধারে উচ্চগ্রাম, শুধু দক্ষিণ ধারের বাঁধটা ঘোষাল ও মুখুয্যেদের।" 'ইহার' বলতে কোন জায়গার কথা বলা হয়েছে?

২। সংক্ষিপ্ত উত্তর দাও : ২×৪=৮

(ক) "আচ্ছা সাজ হইছে বাপু। ঠিক কবিয়াল কবিয়াল লাগছে।" কে, কাকে উদ্দেশ্য করে এই কথা বলেছে?

(খ) "ভব কপি, মহাকপি দগ্ধানন সলাঙ্গুল।"
কে, কাকে এই শ্লোকটি বলে আশীর্বাদ করেছিলেন?

(গ) "মায়ের প্রসাদ বলুন আর যাই বলুন, কোন কৈবর্তই আর বামুনবাড়িতে পাত পাতবে না।" কে, কাকে একথা বলেছেন?

(ঘ) "তুই যা শুনেচিস সব মিথ্যে, যা জেনেচিস সব ভুল। কিন্তু এ অভিযোগের এইখানেই যেন সমাপ্তি হয়।" কে, কাকে একথা বলেছেন?

৩। যে কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দাও : ৫×৩=১৫

(ক) 'কবি' উপন্যাসে বেনেমামার চায়ের দোকানের গুরুত্ব কোথায় তা বুঝিয়ে লেখো।

(খ) "মেয়েদের সেদিন সমস্তদিন উপবাস।" 'কবি' উপন্যাসে কীভাবে এই বিশেষ দিনটির বর্ণনা দেওয়া হয়েছে, লেখো।





(গ) রমেশের পিতৃশ্রাদ্ধ দিনটির ঘটনাসমূহের বিবরণ দাও।

(ঘ) 'পল্লীসমাজ' উপন্যাসে 'কুঁয়াপুরের বিষয়টা অর্জিত' হওয়ার ইতিহাসটা কী তা লেখো।

(ঙ) কাশীযাত্রার আগে বিশ্বেশ্বরী ও রমেশের মধ্যে যে কথোপকথন হয়েছিল তার বর্ণনা দাও।

৪। নিম্নলিখিত প্রশ্নগুলোর উত্তর দাও : ১০×৩=৩০

(ক) 'পল্লীসমাজ' উপন্যাসের রমেশ চরিত্রটি বিশ্লেষণ করো।

*অথবা*

'পল্লীসমাজ' উপন্যাসে পল্লীসমাজের নীচতার যে ছবিগুলো আঁকা হয়েছে তার পর্যালোচনা করো।

(খ) 'কবি' উপন্যাসের কাহিনি বিন্যাসে রাজালাল বায়েনের ভূমিকা কতটুকু তা আলোচনা করে দেখাও।

*অথবা*

'কবি' উপন্যাসের ঠাকুরঝি চরিত্রটি বিশ্লেষণ করো।

(গ) "এই খেদ আমার মনে মনে
ভালবেসে মিটল না আশ—কুলাল না এ জীবনে।"
নিতাইচরণের জীবনে এই গানটির তাৎপর্য কোথায় তা বুঝিয়ে দাও।

*অথবা*

'পল্লীসমাজ' উপন্যাসের নামকরণ সার্থক হয়েছে কিনা, লেখো।

★★★

(গ) "আপনাদের ভোট দেব কেন, কাউকেই দেব না।" বক্তা কেন ভোট দিতে চাননি তা 'ভোটার সাবিত্রীবালা' গল্প অবলম্বনে আলোচনা করো।

অথবা

'চতুর্থ পাণিপথের যুদ্ধ' গল্পের নামকরণ যথার্থ হয়েছে কিনা, বিচার করো।

★★★





**2019**

BENGALI

( Major )

Paper : 5.2

*Full Marks* : 60

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×৭=৭

(ক) 'সারেঙ' গল্পের বয়লারের খালাসির নাম কী?

(খ) ফৌজী সংকেতে আগুাহল্ট স্টেশনের নাম কী ছিল?

(গ) বাংলা স্কুলের ছেলেরা ধনিয়ার বাড়িটির কী নাম দিয়েছে?

(ঘ) 'গাছ' গল্পটি কার লেখা?

(ঙ) "এ্যাঁ, এ কি হচ্ছে বিমল বাবু, ভাঙা মন্দিরে চুনকাম।" 'ভাঙা মন্দির' বলতে কী বোঝানো হয়েছে?

(চ) প্রসাদী ডোম মোট কত বছর জেল খেটেছিল?

(ছ) ফার্স্ট টার্মিনাল পরীক্ষায় পণ্ডিতজীর হাতে সংস্কৃতে ইন্দু কত নম্বর পেয়েছিল?

২। সংক্ষিপ্ত উত্তর দাও : ২×৪=৮

(ক) ''বামাল সরাতে পারেনি চোর, বউর বিছানার গোড়াতেই ফেলে এসেছে।'' চোর ও বউ-এর নাম কী?

(খ) ''দরকার অবশ্য নেই, কিন্তু তোমাকে কেমন যেন ভৌতিক ভৌতিক লাগছে, তাই—'' বক্তা কে? তিনি কাকে একথা বলেছেন?

(গ) 'চতুর্থ পাণিপথের যুদ্ধ' গল্পে কাদের 'সোনাব্যাঙ' ও 'কোলাব্যাঙ' বলা হয়েছে?

(ঘ) ''এগ্রিকালচার না বাঁচুক ওয়েল্‌থ তো বাঁচছে। এটা অস্বীকার করতে পারেন।'' বক্তার নাম লেখো। তিনি কাকে একথা বলেছেন?

৩। যে কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দাও : ৫×৩=১৫

(ক) ''সেদিকে দৃষ্টি পড়তে গাছ চমকে উঠল এবং খুশি হল।'' প্রসঙ্গটি বিশদ করো।

(খ) ''নাসিমের দীক্ষা হল এতদিনে।'' তাৎপর্য বিশ্লেষণ করো।

(গ) 'ফসিল' গল্পে মি. মুখার্জি চরিত্রের গুরুত্ব সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।





(ঘ) 'পরশুরামের কুঠার' গল্পে প্রসাদী চাচা ও ধনিয়ার সম্পর্কের যে ছবি পাওয়া যায় তার বিবরণ দাও।

(ঙ) 'গোত্রান্তর' গল্পের রতনলাল চরিত্রটি আলোচনা করো।

৪। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও : ১০×৩=৩০

(ক) 'সীমারেখার সীমা' গল্পের সমাপ্তি কীভাবে হয়েছে আলোচনা করে গল্পটির নামকরণের সার্থকতা বিচার করো।

*অথবা*

'সারেঙ' গল্পের সারেঙ চরিত্রটি আলোচনা করো।

(খ) ''এখানেই প্রথম ব্যক্তিকেন্দ্রিক সব দেয়া-নেয়ার সূক্ষ্মাতিসূক্ষ্ম মনস্তাত্ত্বিক বিশ্লেষণের পাশে দেখা দিল অর্থনৈতিক দৃষ্টিভঙ্গির উপর প্রতিষ্ঠিত সমবেত মানুষের দুঃখচেতনা।'' 'ফসিল' গল্প সম্পর্কে সমালোচকের এই মন্তব্যের যৌক্তিকতা বিচার করো।

*অথবা*

'পরশুরামের কুঠার' গল্পের ধনিয়া চরিত্রটি আলোচনা করো।

৪। ক—গুচ্ছ এবং খ—গুচ্ছ, প্রতি গুচ্ছ থেকে অন্তত একটি করে মোট তিনটি প্রশ্নের উত্তর দাও : ১০×৩=৩০

**ক—গুচ্ছ**

(ক) 'সাজাহান' নাটককে ঐতিহাসিক নাটক বলা যায় কি না সে সম্পর্কে মতামত দাও।

(খ) 'সাজাহান' নাটকের নায়ক চরিত্র সম্পর্কে যুক্তিসহ আলোচনা করো।

(গ) 'সাজাহান' নাটকে জাহানারা চরিত্রের গুরুত্ব আলোচনা করো।

**খ—গুচ্ছ**

(ঘ) 'ছেঁড়া তার' নাটকের নামকরণ কতটা সার্থক হয়েছে, পর্যালোচনা করো।

(ঙ) বিষয়বস্তু ও আঙ্গিক বিচারে 'ছেঁড়া তার' 'উচ্চাঙ্গের ট্র্যাজেডি'। এরূপ অভিমতের সপক্ষে বা বিপক্ষে যুক্তিসহ আলোচনা করো।

(চ) 'ছেঁড়া তার' নাটকের ফুলজান চরিত্রটি বিশ্লেষণ করো।

***





**2019**

BENGALI

( Major )

Paper : 5.3

*Full Marks* : 60

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

১। নিম্নলিখিত প্রশ্নগুলোর সঠিক উত্তর নির্দেশ করো : ১×৭=৭

(ক) 'সাজাহান' নাটকের পঞ্চম অঙ্কের দৃশ্য সংখ্যা হল

(১) তিন

(২) চার

(৩) পাঁচ

(৪) ছয়

( শুদ্ধ উত্তরটি বেছে লেখো )

(খ) দারার হত্যাদৃশ্য 'সাজাহান' নাটকের যে অংশে রয়েছে সেটি হল

(১) চতুর্থ অঙ্কের চতুর্থ দৃশ্যে

(২) চতুর্থ অঙ্কের পঞ্চম দৃশ্যে

(৩) চতুর্থ অঙ্কের ষষ্ঠ দৃশ্যে

(৪) চতুর্থ অঙ্কের সপ্তম দৃশ্যে

( শুদ্ধ উত্তরটি বেছে লেখো )

(গ) 'সাজাহান' নাটকের প্রথম অঙ্কের প্রথম দৃশ্যের স্থান হচ্ছে

(১) আগ্রার দুর্গপ্রাসাদ

(২) নর্মদা তীরে মোরাদের শিবির

(৩) কাশীতে সুজার সৈন্যশিবির

(৪) যোধপুরের দুর্গ ( শুদ্ধ উত্তরটি বেছে লেখো )

(ঘ) "আমি দর্শনে উপনিষদ-এর চেয়ে বড় সাম্রাজ্য পেয়েছি।" এই উক্তিটির বক্তা হচ্ছেন

(১) সাজাহান

(২) দারা

(৩) জাহানারা

(৪) মহম্মদ ( শুদ্ধ উত্তরটি বেছে লেখো )

(ঙ) "আমি চাষার ছেলে চাষা। তোমার মত মেকী মডার্ন লেডী নই।" বক্তা কে?

(চ) "ফালি চান্দের নাও ভাসি যায় আকাশ দরিয়ায়।" 'ছেঁড়া তার' নাটকের এই গানটি কে গেয়েছে?

(ছ) রহিম শহর থেকে কোন্ বাজনাটি এনেছিল?

২। সংক্ষিপ্ত উত্তর দাও : ২×৪=৮

(ক) "একটা নদী পার হয়েছি, এ আর এক নদী—ভীষণ কল্লোলিত তরঙ্গসঙ্কুল।" উক্তিটির বক্তা কে? এটি 'সাজাহান' নাটকের প্রথম অঙ্কের কোন্ দৃশ্যে রয়েছে?





(খ) "যেখানে মাথার উপর প্রভুর আরক্ত চক্ষু চেয়ে আছে, সেখানে আবার বিচার।" কে, কাকে একথা বলেছেন?

(গ) "শয়তানী করি মানুষ ফাঁকী দ্যাওয়া যায়—খোদাকে ফাঁকী দ্যাওয়া যায় না।"

বক্তা কে? তিনি কাকে একথা বলেছেন?

(ঘ) "হামারা এই চাষীগুলা ধান, চাউল, আনাজপাতি সব পয়দা করি, ফির হামরায় না খায়া মরি।" উক্তিটির বক্তা কে? কাকে উদ্দেশ করে তিনি কথাটি বলেছেন?

৩। নিম্নলিখিত যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও : ৫×৩=১৫

(ক) টীকা লেখো :

মহম্মদ অথবা দিলদার

(খ) "যুদ্ধে পরাজিত হয়ে ফিরে এসে, বিশ্বাসঘাতক হয়ে ফিরে এসে, কৃতঘ্ন হয়ে ফিরে এসে—তুমি চাও, আমার ভক্তি!"

কে, কাকে একথা বলেছেন? প্রসঙ্গটি অতি সংক্ষেপে বর্ণনা করো। ১+১+৩=৫

(গ) "সে আমার পুত্র, আমার উদ্ধত পুত্র; আমার লজ্জা—আমার গৌরব!"

উক্তিটির বক্তা কে? কাকে উদ্দেশ করে তিনি উক্তিটি করেছেন? প্রসঙ্গটির বিবরণ দাও। ১+১+৩=৫

(ঘ) টীকা লেখো :

মহিমবাবু অথবা দারোগা

(ঙ) "কতগুলা মানুষ যে মানুষই নয়, হাত পা-ওয়ালা জানোয়ার।"

—উক্তিটি বিশদ করো।

**2019**

# BENGALI

## ( Major )

Paper : 5.4

*Full Marks* : 60

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×৭=৭

(ক) সঞ্জীবচন্দ্র কোন্ স্থান থেকে পালামৌ যাত্রা শুরু করেন ?

(খ) *The Book of Tea* গ্রন্থের লেখক কে ?

(গ) টোকিওতে রবীন্দ্রনাথ যে শিল্পীবন্ধুর বাড়িতে ছিলেন তাঁর নাম কী ?

(ঘ) লাতেহার পাহাড়ের একটি মৌয়া গাছকে সঞ্জীবচন্দ্র কী নাম দিয়েছিলেন ?

(ঙ) 'পালামৌ' গ্রন্থের প্রবন্ধগুলো প্রকাশের সময় সঞ্জীবচন্দ্র যে ছদ্মনামটি ব্যবহার করেছিলেন তা লেখো।

(চ) ''ইস্কুলে একদিন পিনাঙ সিঙাপুর মুখস্থ করে মরেছি, এ সেই পিনাঙ।'' বক্তা কে ?

(ছ) রবীন্দ্রনাথের বক্তব্য অনুযায়ী আজকের দিনে মানুষের সকল অনুষ্ঠানের মধ্যে কোনটি পৃথিবীকে সবচেয়ে কুশ্রী করে তুলছে ?

২। সংক্ষিপ্ত উত্তর দাও : ২×৪=৮

(ক) পালামৌ অঞ্চলে কে, কাকে 'খাঁ সাহেব' বলে সম্বোধন করেছিলেন?

(খ) সঞ্জীবচন্দ্র তাঁর গ্রন্থে কোল জাতির যে চারটি শাখার উল্লেখ করেছেন তার যে কোনো দুটির নাম লেখো।

(গ) জাপানিরা সৌন্দর্য-সাধনা থেকে কোন্ দুটি জিনিস লাভ করেছে?

(ঘ) রবীন্দ্রনাথ কত তারিখ জাপান পৌঁছন? জাপানের কোন্ শহরে তিনি প্রথম পা রাখেন?

৩। যে কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দাও : ৫×৩=১৫

(ক) সঞ্জীবচন্দ্রের অনুসরণে লাতেহার পাহাড়ের বর্ণনা দাও।

(খ) "মনুষ্য বৃদ্ধ না হইলে সুন্দর হয় না।" তাৎপর্য বিশ্লেষণ করো।

(গ) "আমাদের এই জাপানি কাপ্তেনের একটু বিশেষত্ব আছে।" 'বিশেষত্ব'টি কী, লেখো।

(ঘ) জাপানের পথে-ঘাটে রবীন্দ্রনাথ কী দেখে আশ্চর্য হয়েছিলেন এবং আমাদের দেশের লোকদের ব্যবহারের সঙ্গে জাপানিদের ব্যবহারের কীরূপ পার্থক্য তিনি লক্ষ্য করেছেন তা আলোচনা করো।





৪। ক—গুচ্ছ এবং খ—গুচ্ছ থেকে অন্তত **একটি** করে প্রশ্ন নিয়ে মোট **তিনটি** প্রশ্নের উত্তর দাও : ১০×৩=৩০

**ক—গুচ্ছ**

(ক) 'পালামৌ' গ্রন্থ অবলম্বনে সঞ্জীবচন্দ্রের পর্যবেক্ষণ শক্তির পরিচয় দাও।

(খ) 'পালামৌ' গ্রন্থ অবলম্বনে কোল রমণীদের নৃত্যের বর্ণনা দাও।

(গ) 'পালামৌ' গ্রন্থ অবলম্বনে কোল জাতির বিবাহ-প্রথার পরিচয় দাও।

**খ—গুচ্ছ**

(ঘ) 'জাপানযাত্রী' গ্রন্থে রবীন্দ্রনাথ জাপানি নাচ দেখে যে বিবরণ দিয়েছেন তা লেখো।

(ঙ) 'জাপানযাত্রী' গ্রন্থ অবলম্বনে জাপানিদের সৌন্দর্যবোধের পরিচয় দাও।

(চ) ভ্রমণকাহিনি হিসাবে 'জাপানযাত্রী' গ্রন্থের সার্থকতা বিচার করো।

★★★

খ—গুচ্ছ

(ঘ) একজন প্রকৃত নেতা হতে গেলে যে-সকল গুণ ও বৈশিষ্ট্যের প্রয়োজন—নেতাজীর মধ্যে সে-সকল যে পূর্ণমাত্রায় বিরাজমান, 'নেতাজী' পাঠে লেখক সেকথাই প্রমাণ সহকারে প্রতিষ্ঠা করেছেন। 'নেতাজী' পাঠ অবলম্বনে আলোচনা করো।

(ঙ) 'বর্ষা' পাঠে হাস্যোদ্দীপ্ত পরিবেশ রচনার মাধ্যমে লেখক ভারতবর্ষে বর্ষার সঙ্গে ভারতীয় জীবন ও সাহিত্যের নিবিড় যোগসূত্রটি তুলে ধরেছেন। 'বর্ষা' পাঠটি অবলম্বনে আলোচনা করো।

(চ) "রবীন্দ্রনাথ এসব উত্তীর্ণ হয়ে অজরামর হয়ে রইবেন তাঁর গানের জন্য।" 'পঁচিশে বৈশাখ' অবলম্বনে রবীন্দ্রনাথের গানের বৈশিষ্ট্য আলোচনা করে লেখকের এই বক্তব্য বিশ্লেষণ করো।

★ ★ ★





# 2019

## BENGALI

## ( Major )

Paper : 5.5

*Full Marks* : 60

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×৭=৭

(ক) "দেখ, এই দুর্বৃত্ত কোনও মতে নিবৃত্ত হইতেছে না;" —এই 'দুর্বৃত্ত'টি কে?

(খ) রাজা দুষ্যন্তের প্রিয় বয়স্যের নাম কী?

(গ) মাতলি কে?

(ঘ) জাপানীদের কাছে কোন্ ভারতীয় সুভাষচন্দ্রের তুলনায় অনেক বেশি পরিচিত ছিলেন?

(ঙ) ছোটোগল্পের ক্ষেত্রে মোপাসাঁর একান্ত নিজস্ব আবিষ্কার কী?

(চ) মৌলানা রুমী ভগবানকে কার মতো করে পেয়েছিলেন?

(ছ) জার্মান ভাষায় 'ফ্রলাইন' শব্দের বাংলা অর্থ কী?

২। সংক্ষিপ্ত উত্তর দাও : ২×৪=৮

(ক) "মাধবীলতার এই যে মুকুলনির্গম, এ তোমারই শুভ-সূচক।" বক্তা কে? তিনি কোন্ শুভ সূচনার কথা বলেছেন?

(খ) "তোমরা খেলনা দিলে না, তবে আমি উহারে ছাড়িব না।" উক্তিটি কার? সে কাকে ছাড়বে না বলেছে?

(গ) "দ্বিতীয় মহাযুদ্ধের মাঝামাঝি তিনজন নেতা স্বেচ্ছায় নির্বাসন বরণ করে দেশোদ্ধারের জন্য মার্কিন-ইংরেজের শত্রুপক্ষকে সাহায্য করতে প্রস্তুত ছিলেন।" এই তিনজনের মধ্যে একজন হলেন ভারতীয়—নেতাজী; অপর দুজন কারা?

(ঘ) ইরান দেশের সদাগরের ভারতীয় তোতাটি জ্ঞানে এবং পাণ্ডিত্যে কাদের মতো ছিল?

৩। যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও : ৫×৩=১৫

(ক) "শূন্যহৃদয়া শকুন্তলা কোনও পূজনীয় ব্যক্তির নিকট অপরাধিনী হইল।" পূজনীয় ব্যক্তিটি কে? তাঁর কাছে শকুন্তলা কীরূপে অপরাধিনী হয়েছিল তা সংক্ষেপে লেখো।

(খ) "কেহ কহিয়া দিতেছে না, তথাপি তপোবন বলিয়া বোধ হইতেছে।" বক্তা কে? তপোবনের কী কী লক্ষণ তাঁর চোখে পড়েছিল, সংক্ষেপে আলোচনা করো।





(গ) "আজ আমি যথার্থ যুবরাজ হইলাম।" একথা কে, কেন বলেছেন তা সংক্ষেপে আলোচনা করো।

(ঘ) "তোমার আপনজন নই আমি?" একথা কে বলেছে? 'আপনজন' হওয়ার পক্ষে সে কী কী প্রমাণ ও যুক্তি দিয়েছিল তা সংক্ষেপে লেখো।

(ঙ) ছোটোগল্পের ক্ষেত্রে চেখফ্-এর বৈশিষ্ট্য উল্লেখ করো।

৪। ক—গুচ্ছ এবং খ—গুচ্ছ, প্রতি গুচ্ছ থেকে অন্তত **একটি** করে মোট তিনটি প্রশ্নের উত্তর দাও : ১০×৩=৩০

**ক—গুচ্ছ**

(ক) বিদ্যাসাগরের 'শকুন্তলা' কালিদাসের 'অভিজ্ঞানশকুন্তলম্' নাটকের অনুসরণে অনূদিত হলেও এতে বিদ্যাসাগর আধুনিক প্রাণরস সঞ্চার করেছেন। বিদ্যাসাগরের 'শকুন্তলা' অবলম্বনে অনুবাদক বিদ্যাসাগরের বৈশিষ্ট্য আলোচনা করে উক্তিটির যথার্থতা প্রতিপন্ন করো।

(খ) 'শকুন্তলা' গ্রন্থে শকুন্তলার পতিগৃহে যাত্রাকে অবলম্বন করে তপোবনের শান্ত পরিবেশে বাঙালি গার্হস্থ্য জীবনের বিচ্ছেদ-কাতর করুণ-মধুর ছবি অঙ্কিত হয়েছে। 'শকুন্তলা' গ্রন্থের চতুর্থ পরিচ্ছেদে বর্ণিত শকুন্তলার পতিগৃহে যাত্রার ঘটনাটি অবলম্বনে উক্তিটির যথার্থতা প্রতিপন্ন করো।

(গ) 'শকুন্তলা' গ্রন্থের প্রথম পরিচ্ছেদে বর্ণিত তপোবনে রাজা দুষ্যন্ত ও শকুন্তলার প্রথম সাক্ষাৎ ও পূর্বরাগের দৃশ্য সবিস্তারে আলোচনা করো।

(গ) 'কচি সংসদ' গল্পের কেষ্ট চরিত্রের বৈশিষ্ট্যগুলো বিশ্লেষণ করো।

**খ—গুচ্ছ**

(ক) 'বড়বাজার' প্রবন্ধ অবলম্বনে কমলাকান্তের বাজার পরিভ্রমণের অভিজ্ঞতা বর্ণনা করো।

(খ) 'কমলাকান্তের দপ্তর'-এর অন্তর্গত পঠিত প্রবন্ধের আশ্রয়ে বঙ্কিমচন্দ্রের হাস্যরস সৃষ্টির পারদর্শিতা সম্বন্ধে আলোচনা করো।

(গ) কমলাকান্ত চক্রবর্তী নারীদের কোন্ ফলের সঙ্গে তুলনা করেছেন? সেই ফলের কোনো কোনো অংশের সঙ্গে তিনি নারীদের যে সব সাদৃশ্য খুঁজে পেয়েছেন তার পর্যালোচনা করো।

★★★





**2019**

BENGALI

( Major )

Paper : 5.6

*Full Marks* : 60

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

১। নির্দেশানুযায়ী উত্তর দাও : ১×৭=৭

(ক) রাজশাহীর তড়িতানন্দ ঠাকুরকে কলেজের ছেলেরা কী বলে ডাকতো?

(খ) "নগরের উপকণ্ঠে _____ জাবালির পর্ণকুটীর।" ( শূন্যস্থান পূরণ করো )

(গ) চাটুজ্যে মশায়ের মতানুযায়ী অম্বুবাচী নিবৃত্তির সময় কখন?

(ঘ) 'উলটপুরাণ' গল্পে উল্লিখিত ব্রিটেনের জনসংখ্যার কত শতাংশ মহিলা?

(ঙ) 'বড়বাজার'-এর মেছোহাটায় মাছের দালাল কে?

(চ) ''বুঝিয়াছি, লঘুচেতাদিগের মনের বন্ধন চাই; নহিলে মন উড়িয়া যায়।'' কোন্ পাঠের অংশ?

(ছ) 'কমলাকান্তের দপ্তর'-এর প্রবন্ধগুলো প্রথম কোন্ পত্রিকায় প্রকাশিত হয়?

২। সংক্ষিপ্ত উত্তর দাও : ২×৪=৮

(ক) ''দেবীর এক হাতে বরাভয়, অপর হাতে সিগারেট।'' কার কথা বলা হয়েছে? তাঁর নিবাস কোথায়?

(খ) কচি সংসদের প্রেসিডেন্ট ও সেক্রেটারির নাম লেখো।

(গ) ''দোকানদারগণ বিনা ছানায়, শুধু গুড়ে আশ্চর্য্য সন্দেশ করিয়া, সস্তা দরে বিক্রয় করিতেছেন।'' এখানে কোন্ দোকানদারদের কথা বলা হয়েছে? প্রকৃতার্থে তারা কী বিক্রি করছিল?

(ঘ) 'মনুষ্যফল' প্রবন্ধে দেশী হাকিম ও অধ্যাপক ব্রাহ্মণদের কোন্ কোন্ ফলের সঙ্গে তুলনা করা হয়েছে?

৩। ক—গুচ্ছ এবং খ—গুচ্ছ, প্রতি গুচ্ছ থেকে অন্তত **একটি** করে মোট **তিনটি** প্রশ্নের উত্তর দাও : ৫×৩=১৫

**ক—গুচ্ছ**

(ক) নিতাইবাবু কোন্ গল্পের চরিত্র? তিনি কেন সাধু-সন্ন্যাসীর খোঁজ করছিলেন? তিনি যে কজন বাবার সন্ধান পেয়েছিলেন তাঁদের অতি সংক্ষিপ্ত পরিচয় দাও।





(খ) বকুলাল দত্তের অন্তিম পরিণতি সম্পর্কে আলোকপাত করো।

(গ) ''নতুন সায়েবের তখন হাত ছুটল।'' নতুন সায়েব কে? কেন তার হাত ছুটেছিল? এর পরিণতি কী হয়েছিল?

**খ—গুচ্ছ**

(ক) ''একজন গব্যরস সৃজন করেন, আর একজন হাস্যরস সৃজন করেন। আমি উভয়ের নিকট বিনামূল্যে বিক্রীত।'' কাদের কথা বলা হয়েছে? লেখক কেন এরূপ মন্তব্য করেছেন?

(খ) ব্যাখ্যা করো :

''তুমি বসন্তের কোকিল, শীত বর্ষার কেহ নও।''

(গ) ''আমিও—আমি শ্রীকমলাকান্ত চক্রবর্তী স্বয়ং, একদিন খানায় পড়িয়াছিলাম।'' কমলাকান্ত কেন খানায় পড়েছিলেন? প্রসঙ্গটি বিবৃত করো।

৪। ক—গুচ্ছ এবং খ—গুচ্ছ, প্রতি গুচ্ছ থেকে অন্তত **একটি** করে মোট **তিনটি** প্রশ্নের উত্তর দাও : ১০×৩=৩০

**ক—গুচ্ছ**

(ক) 'জাবালি' গল্প অবলম্বনে ঋষি জাবালির চারিত্রিক বৈশিষ্ট্যের পরিচয় দাও।

(খ) 'উলটপুরাণ' গল্পটির নামকরণের সার্থকতা বিচার করো।